দৈনিক বাংলা

তারিখ ... 15 JAN 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 7 ...

আদমজীনগরে পথকলি স্কুল উদ্বোধন

# সব শিশুর শিক্ষার ব্যবস্থা নেয়া হচ্ছেঃ ফার্স্ট লেডী

নারায়ণগঞ্জ, ১৪ই জানুয়ারী (বাসস)।– ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ বলেন, ভবিষ্যৎ বংশধরদের একটি যোগ্য শ্রম শক্তি হিসাবে গড়ে তুলতে সকলকে শিক্ষাদানের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তিনি বলেন, সকলের জন্য শিক্ষার দ্বার উন্মুক্ত না হলে উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত হবেনা।

ফার্স্ট লেডী রোববার আদমজীনগরে একটি পথকলি বিদ্যালয়ের ভিত্তি প্রস্তর স্থাপনের পর আদমজী পাটকলের শ্রমিক ও কর্মচারীসহ সর্ব–স্তরের জনগণের এক বিশাল সমাবেশে ভাষণ দিচ্ছিলেন। পাটমন্ত্রী মাহবুবুর রহমান ও শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামও এ উপলক্ষে বক্তব্য

(শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## ফার্স্ট লেডী

(প্রথম পৃঃ পর)

ফার্স্ট লেডী বলেন, বর্তমান সরকার শ্রমজীবী জনগণের জীবন যাত্রা উন্নত করতে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। তারা তাদের শিশুদের সমৃদ্ধ ভবি–ষ্যতের জন্য স্বাস্থ্য ও শিক্ষাব্যবস্থা –প্রতিষ্ঠার পাশাপাশি দেশের আর্থিক উন্নয়নের জন্য অবদান রাখছে।

তিনি বলেন, পথকলি বিদ্যালয় সমাজে দুঃস্থ শিশুদের অবস্থা উন্নয়নে তাদের সক্ষম করতে প্রতিষ্ঠা করা হয়েছে। তিনি বলেন, বঞ্চিত শিশুদের যথাযথ স্বাস্থ্য পরিচর্যা নিশ্চিত করতে পথকলি চিকিৎসা কেন্দ্র স্থাপন করা হয়েছে।

ফার্স্ট লেডী বলেন, গত ৮ বছরে জাতির একটি সমৃদ্ধ ভবিষ্যৎ নিশ্চিত করতে দেশের আর্থ–সামাজিক অব–কাঠামোয় বহু গুণগত পরিবর্তন সাধন করা হয়েছে।

তিনি বলেন, উন্নয়ন অর্জনের কোন সহজ পথ নেই। কারণ এজন্য কঠোর পরিশ্রম ও ত্যাগ প্রয়োজন।

তিনি বলেন, চরম ত্যাগের মাধ্যমে আমরা স্বাধীনতা অর্জন করেছি এবং জাতির আশা আকাঙ্খা পূরণ করতে আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

তিনি বলেন, তরুনদের হতাশ ও মাদকাসক্ত থেকে নিবৃত্ত রাখতে তাদের জন্য কর্মসংস্থান অপরিহার্য। ফার্স্ট লেডী সমাজের সচ্ছল ব্যক্তিদের প্রতি দেশে আরো ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠায় সাহায্য করার আহ্বান জানান।

ফার্স্ট লেডী সকলের, বিশেষ করে শ্রমজীবী জনগণের পরিবারবর্গের প্রতি ক্ষুদ্র পরিবারের আদর্শে অনুপ্রাণিত হওয়ার আহ্বান জানান।

বেগম এরশাদ বলেন, আমাদের জনসংখ্যার অর্ধেক মহিলা এবং সমাজে তাদের অবস্থা উন্নয়ন ছাড়া জাতির সার্বিক উন্নয়ন সম্ভব নয়।

তিনি সর্বস্তরের জনগণের প্রতি যৌতুকের অভিশাপ থেকে সমাজকে মুক্ত করতে সংকল্প নিয়ে এগিয়ে আসার আহ্বান জানান।

পাটমন্ত্রী মাহবুবুর রহমান তার ভাষণে শ্রমিক ও কর্মচারীদের প্রতি প্রেসিডেন্ট এরশাদের উৎপাদন ও উন্নয়নের রাজনীতি সংহত করার মাধ্যমে জাতীয় অর্থনীতি শক্তিশালী করতে অবদান অব্যাহত রাখার আহ্বান জানান।

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, দুঃস্থ শিশুরা পথকলি বিদ্যালয়ে শিক্ষিত হয়ে স্বনির্ভর হতে সক্ষম হবে। এর আগে ফার্স্ট লেডী আদমজী নগরে পথকলি বিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপনকরেন।

আদমজীনগর যাওয়ার পথে ফার্স্ট লেডী যাত্রাবাড়িতে পথকলি বিদ্যালয়–৩ উদ্বোধন করেন। দৈনিক ইত্তেফাকের উদ্যোগে ১৮০ জন ছাত্র ছাত্রীর জন্য বিদ্যালয়টি ১৮লাখ ১০হাজার টাকা ব্যয়ে নির্মাণ করা হয়।

ফার্স্ট লেডী বিদ্যালয়ের ছাত্র ছাত্রীদের সঙ্গে কথা বলেন এবং বিভিন্ন ক্লাস কক্ষ ঘুরে দেখেন। যোগাযোগ মন্ত্রী আনোয়ার হোসেন, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম, সৈয়দ আবু হোসেন বাবলা এমপি ও এডভোকেট রেজাউর রহমান এ উপলক্ষে সেখানে উপস্থিত ছিলেন।